গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
মাদ্রাসা শাখা-২
( www.tmed.gov.bd )

"শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ"

নং- ৫৭.০০.০০০০.০৮৫.০১৮.৩৭.১৭- ৩০৫

তারিখ: ০৮ শ্রাবণ ১৪২৫ বঙ্গাব্দ
২৩ জুলাই ২০১৮ খ্রিস্টাব্দ

বিষয়: চট্টগ্রাম জেলার আশেকান আউলিয়া ফাজিল মাদ্রাসার অধ্যক্ষ(ভারপ্রাপ্ত) জনাব মুহাম্মদ রিদুয়াদুল হক এর এমপিও বন্ধকরণ সংক্রান্ত।

সূত্র: জেলা প্রশাসকের কার্যালয়, চট্টগ্রাম এর স্মারক নং-০৫.২৪.১৫০০.৬০৩.৪৫.০০৭.১৮-৬০৬(২), তারিখ: ০৮/০৭/২০১৮খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, চট্টগ্রাম জেলা প্রশাসকের কার্যালয়ের সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট জনাব মো: তৌহিদুল ইসলাম গত ০৫/০৫/২০১৮খ্রি. তারিখে চট্টগ্রাম মহানগরে অবস্থিত বায়েজিদ-১(কেন্দ্র কোড-৫৮৯, ওয়াজেদিয়া আলিয়া মাদ্রাসা) আলিম পরীক্ষা কেন্দ্র পরিদর্শন করেন। পরিদর্শনকালে তিনি দেখতে পান যে, ২০১৮ সালের ০৩(তিন) জন আলিম পরীক্ষার্থীর প্রবেশ পত্রে ছবির সাথে তাঁদের বাস্তব চেহারার মিল নেই। পরীক্ষার্থীরা হ'ল (১) মোহাম্মদ আকতার কামাল, রোল নং-১৫৯২১১, (২) মোহাম্মদ হাবিব উল্যাহ, রোল নং-১২৯২২৫ ও (৩) মো: হাসিব উল্যাহ চৌং, রোল নং-১৫৯২৩২। পরীক্ষার্থীরা সকলেই আশেকানে আউলিয়া ফাজিল মাদ্রাসা ছাত্র। উক্ত মাদ্রাসার অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) জনাব মুহাম্মদ রিদুয়ানুল হক এ ধরণের কার্যকলাপের সাথে জড়িত মর্মে প্রমাণ পাওয়া যায়।

০২। এমতাবস্থায়, আশেকান আউলিয়া ফাজিল মাদ্রাসার ভারপ্রাপ্ত অধ্যক্ষ জনাব মো: রিদুয়ানুল হক এর এমপিও সাময়িকভাবে বন্ধ করে কেন তা স্থায়ীভাবে বন্ধ করা হবে না সে বিষয়ে কারণ দর্শানোর জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হ'ল।

সংযুক্তি : ০৩ পাতা ।

AD (G.S.M.) please send endorse copy to DSHE & allow concern. concern. 29-7-18

২৩/৭/১৮

(মো: আবদুল খালেক)
সহকারী সচিব (মাদ্রাসা-২)
☎ ৯৫৪৯৩৯৬

মহাপরিচালক
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার
লেভেল-০৩, ৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০।

অনুলিপি:

১। জেলা প্রশাসক, চট্টগ্রাম।
২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৫। জেলা শিক্ষা অফিসার, চট্টগ্রাম।
৬। অতিরিক্ত সচিব (মাদ্রাসা) এর ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৭। অফিস কপি।

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**মাদরাসা শিক্ষা অধিদপ্তর,ঢাকা।**

**শিক্ষা নিয়ে গড়ব দেশ**
**শেখ হাসিনার বাংলাদেশ**

স্মারক নং-৫৭.২৫.০০০০.০০৩.০২.০২৭.১৮- ৫২৩ তারিখ: ২৯.০৮.২০১৮খ্রি:।
সূত্র:(১) **কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ**, শিক্ষা মন্ত্রণালয়, মাদরাসা শাখা-২ এর স্মারক নং-৫৭.০০.০০০০.০৮৫.০১৮.৩৭.১৭-৩০৫ তারিখ: ২৩.০৭.২০১৭খ্রি:।

সূত্রোস্থ স্মারকমূলে প্রাপ্ত পত্রের নির্দেশনা মোতাবেক চট্টগ্রাম জেলার আশেকান আউলিয়া ফাজিল মাদরাসার অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) জনাব মুহাম্মদ রিদুয়ানুল হক এর (এমপিও) সাময়িকভাবে বন্ধ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মহোদয়কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো। বিষয়টি অতীব জরুরী।

29.08.18
(মো: আফাজ উদ্দীন)
সহকারী পরিচালক(সর: ও সিনি: মাদরাসা
মাদরাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা
ই-মেইল- dgdmeb@gmail.com
ফোন নং-৪১০৩০১৬৭

মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।

অনুলিপি:
১.সচিব,কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, পরিবহনপুল , ৯ম তলা।
২.আঞ্চলিক পরিচালক,মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, চট্রগাম অঞ্চল।
৩.জেলা শিক্ষা অফিসার, চট্রগাম।
**৪. অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)**, আশেকান আউলিয়া ফাজিল মাদরাসা । **(শিক্ষা মন্ত্রণায়ের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের নির্দেশনা মোতাবেক মহোদয়ের এমপিও কেন স্থায়ীভাবে বন্ধ করা হবে না তা আগামি ০৯.০৯..২০১৮ খ্রি: তারিখের মধ্যে এর কারণ ব্যাখ্যাসহ একটি প্রতিবেদন এ অধিদপ্তরে প্রেরণ নিশ্চিতকরণের অনুরোধসহ)**
৬.অফিস কপি।

"শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
মাদ্রাসা শাখা-১
www.tmed.gov.bd

নং-৫৭.০০.০০০০.০৭৫.০২৭.০৪.১৭/ ২৪৭

তারিখঃ ০৬ ভাদ্র ১৪২৪ বঙ্গাব্দ
২১ আগস্ট ২০১৭ খ্রিস্টাব্দ

বিষয়ঃ অভিযোগ তদন্তে প্রমানিত হওয়ায় ব্যবস্থা গ্রহণ প্রসংগে।

সূত্রঃ মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-৫৭.০০.০০০০.০০১.৪৮.০২৪.১৭/৫১, তারিখ-২১/০৬/২০১৭খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের প্রেক্ষিতে জয়পুরহাট জেলার সোটাহার ধারখী আলিম মাদ্রাসার অধ্যক্ষ জনাব মো: আনোয়ার হোসেন এর বিরুদ্ধে দূর্নীতি, মামলা মোকদ্দমায় জড়ানো প্রতিষ্ঠানের অর্থ অপচয় করা ও ছাত্র/ছাত্রীদের শিক্ষা গ্রহণে ব্যহত/বিঘ্ন সৃষ্টি করা এবং মাদ্রাসার স্থাবর সম্পত্তি বাৎসরিক লিজ প্রদানের আয়কৃত অর্থ সভাপতি ও অধ্যক্ষ ভাগাভাগি করে আত্মসাৎ করার অভিযোগ তদন্তে প্রমাণিত হওয়ায় অধ্যক্ষের বেতন-ভাতার সরকারী অংশ সাময়িকভাবে স্থগিত করে কেন তা স্থায়ীভাবে বাতিল করা হবে না সে মর্মে কারণ দর্শানোর জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২৭/৮/১৭

(মোঃ আঃ খালেক মিঞা)
সহকারী-সচিব (মাদ্রাসা-১)
ফোনঃ ৯৫৭৭৪২৪

মহাপরিচালক
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার লেভেল-৩, ৩৭/৩/এ
ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০।

অনুলিপিঃ

১. সচিবের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
২. প্রোগ্রামার, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (তাকে ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
৩. অতিরিক্ত সচিব (মাদ্রাসা)-এর ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**মাদরাসা শিক্ষা অধিদপ্তর,ঢাকা।**

**শিক্ষা নিয়ে গড়ব দেশ**
**শেখ হাসিনার বাংলাদেশ**

স্মারক নং-৫৭.২৫.০০০০.০০৩.০২.০২৭.১৮- ৫২৪ — তারিখ: ২৯.০৮.২০১৮খ্রি:।
সূত্র:(১) **কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ,** শিক্ষা মন্ত্রণালয়, মাদরাসা শাখা-১ এর স্মারক নং-৫৭.০০.০০০০.০৭৫.০২৭.০৪.১৭/২৪৭ — তারিখ: ২১.০৮.২০১৭খ্রি:।
সূত্রোস্থ স্মারকমূলে প্রাপ্ত পত্রের নির্দেশনা মোতাবেক জয়পুরহাট জেলার সোটাহার ধারখী আলিম মাদরাসার অধ্যক্ষের বেতন-ভাতাদির সরকারি অংশ (এমপিও) সাময়িকভাবে স্থগিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মহোদয়কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো। বিষয়টি অতীব জরুরী।

২৯.০৮.১৮
(মো: আফাজ উদ্দীন)
সহকারী পরিচালক(সর: ও সিনি: মাদরাসা
মাদরাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা
ই-মেইল- dgdmeb@gmail.com
ফোন নং-৪১০৩০১৬৭

মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
অনুলিপি:
১.সচিব,কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, পরিবহনপুল, ৯ম তলা।
২.আঞ্চলিক পরিচালক,মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, রাজশাহী অঞ্চল।
৩.জেলা শিক্ষা অফিসার, জয়পুরহাট।
৪. অধ্যক্ষ, সোটাহার ধারখী আলিম মাদরাসা। (**শিক্ষা মন্ত্রণায়ের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের নির্দেশনা মোতাবেক মহোদয়ের এমপিও কেন স্থায়ীভাবে বন্ধ করা হবে না তা আগামি ০৯.০৯..২০১৮ খ্রি: তারিখের মধ্যে এর কারণ ব্যাখ্যাসহ একটি প্রতিবেদন এ অধিদপ্তরে প্রেরণ নিশ্চিতকরণের অনুরোধসহ**)
৬ .অফিস কপি।